# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 08-08-2025 Time: 7.35 A.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) বিজেপি, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর ওপরে আক্রমণের ঘটনায় অবিলম্বে কেন্দ্রের হস্তক্ষেপ চেয়েছে। দলের সর্ব ভারতীয় সভাপতি জগৎপ্রকাশ নাড্ডা এই আক্রমণের নিন্দা করেছেন।

২) নির্বাচন কমিশনের নির্দেশ মেনেই রাজ্যে ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন কর্মসূচীর প্রস্তুতি চলছে।

এসআইআর-এর নামে এরাজ্যের মানুষদের ভোটার তালিকা থেকে বাদ দেওয়ার চেষ্টা চলছে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী অভিযোগ করেছেন।

বিজেপি রাজ্য সভাপতি শমিক ভট্টাচার্য, ভোটার তালিকা নিয়ে মুখ্যমন্ত্রীর অভিযোগ খারিজ করে বলেছেন, এস আই আর বলবৎ হলে, ত্রুটিমুক্ত ভোটার তালিকা তৈরি করা সম্ভব হবে।

৩) বি এল ও দের নিয়ে মুখ্যমন্ত্রীর সাম্প্রতিক মন্তব্যের প্রেক্ষিতে বিজেপি-র এক প্রতিনিধি দল নতুন দিল্লিতে নির্বাচন কমিশনের দ্বারস্থ ।

৪) কলকাতা হাইকোর্ট আগামীকাল শান্তিপূর্ণভাবে নবান্ন অভিযানের অনুমতি দিয়েছে।

R G Kar মেডিক্যাল কলেজ হাসপাতালে তরুণী চিকিৎসকের ধর্ষণ ও খুনের ঘটনায় সুবিচারের দাবিতে বিভিন্ন সংগঠন আবার পথে নামছে।

৫) আজ ২২-শে শ্রাবণ। কবিগুরুর প্রয়াণ দিবসে তারই লেখা গান-কবিতায় স্মরণ করা হচ্ছে বিশ্ব কবিকে।

৬) ডুরান্ড কাপ ফুটবলে, মহামেডান স্পোর্টিং ৩-০ গোলে বিএসএফ-কে হারিয়ে দিয়েছে।

oooooooooooooooooooooo

বিজেপির সর্বভারতীয় সভাপতি জগৎ প্রকাশ নাড্ডা কোচবিহারে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর কনভয়ে আক্রমণের নিন্দা করেছেন। এক্স হ্যান্ডেলে গতকাল এক বার্তায় তিনি বলেন, রাজ্য পুলিশের উপস্থিতিতে এই আক্রমণ চালানো হয়েছে,যা আরও উদ্বেগের। এই ঘটনা মমতা ব্যানার্জীর সরকারের অধীনে আইন শৃঙ্খলা পুরোপুরি ভেঙে পড়ারই স্পষ্ট প্রতিফলন। শ্রী নাড্ডা একে শুধুমাত্র একজন নির্বাচিত প্রতিনিধির ওপর আক্রমণ নয়, গণতন্ত্রের ওপর আক্রমণ বলে অভিহিত করেন।

অন্যদিকে বিজেপির পক্ষ থেকে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর উপর আক্রমণের ঘটনায় অবিলম্বে কেন্দ্রের হস্তক্ষেপ চাওয়া হয়েছে। দলের রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য গতকাল কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহকে চিঠি দিয়ে কোচবিহারে এবং বারাসাতে বিরোধী দলনেতার উপর আক্রমণের ঘটনার বিস্তারিত উল্লেখ করেন। শ্রী ভট্টাচার্য অভিযোগ করেন, প্রশাসনকে আগাম জানানো সত্ত্বেও বিরোধী দলনেতার সুরক্ষার জন্য কোন ব্যবস্থা নেওয়া হয়নি। আদালতের নির্দেশ সত্ত্বেও বিরোধী দলনেতার উপর এই আক্রমণ প্রমাণ করে রাজ্যে আইন শৃঙ্খলা পুরোপুরি ভেঙে পড়েছে। রাজ্য সভাপতি কোচবিহার ও বারাসাতে বিরোধী দলনেতার উপর আক্রমণের ঘটনার উচ্চ পর্যায়ের তদন্ত, যেসব পুলিশ আধিকারিক বিরোধী দলনেতাকে নিরাপত্তা দিতে ব্যর্থ হয়েছে তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ, দোষীদের চিহ্নিত করে উপযুক্ত শাস্তি এবং স্বরাষ্ট্র মন্ত্রকের তরফে ফ্যাক্ট ফইন্ডিং টিম পাঠানোর জন্য শ্রী ভট্টাচার্য কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে আর্জি জানিয়েছেন।

oooooooooooooooooooooo

নির্বাচন কমিশনের নির্দেশ মেনেই রাজ্যে ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন কর্মসূচীর প্রস্তুতি চলছে। এই সংশোধনী প্রক্রিয়ার জন্য রাজ্যের মুখ্য

নির্বাচনী আধিকারিকের দফতর সম্পূর্ণ প্রস্তুত বলে নির্বাচন কমিশনকে পাঠানো এক রিপোর্টে গতকাল জানানো হয়েছে। কোনও বুথেই এবার থেকে ১২০০-র বেশি ভোটার রাখা যাবে না বলে কমিশন নির্দেশ দিয়েছিল। সেইমতো রাজ্যে বুথের সংখ্যা ৮০ হাজার থেকে বাড়িয়ে ৯৪ হাজারের কিছু বেশি করা হয়েছে বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর সূত্রে জানা গেছে। নতুন বুথগুলির তালিকা ইতিমধ্যেই সমস্ত স্বীকৃত রাজনৈতিক দলের কাছে পাঠানো হয়েছে। আগামী দশ দিনের মধ্যেই বর্ধিত এই বুথ সংখ্যা নিয়ে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতরে বিশেষ বৈঠক ডাকা হয়েছে। সেই বৈঠকের ভিত্তিতে তৈরি রিপোর্ট পর্যালোচনা করেই কমিশন এব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্ত নেবে বলেও জানা গেছে।

এসআইআর-এর নামে এরাজ্যের মানুষদের ভোটার তালিকা থেকে বাদ দেওয়ার চেষ্টা চলছে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী অভিযোগ করেন। বাংলা ভাষাকে লাগাতার অপমান করা হচ্ছে বলেও মন্তব্য করেছেন তিনি।

(বাইট – মুখ্যমন্ত্রী)

অন্যদিকে, রাজ্য বিজেপি সভাপতি শমিক ভট্টাচার্য, ভোটার তালিকা নিয়ে মুখ্যমন্ত্রীর অভিযোগ খারিজ করে দিয়েছেন। সাংবাদিকদের তিনি বলেন, এস আই আর বলবৎ হলে, ত্রুটি মুক্ত ভোটার তালিকা তৈরি করা সম্ভব হবে। রাজ্যের মানুষও ভয়মুক্ত পরিবেশে ভোট দিতে পারবেন।

(বাইট – শমিক)

oooooooooooooooooooooo

পশ্চিমবঙ্গে বিজেপি-র রাজ্য সভাপতি সাংসদ শমীক ভট্টাচার্যের নেতৃত্বে এক প্রতিনিধি দল নতুন দিল্লিতে গতকাল নির্বাচন কমিশনের সঙ্গে সাক্ষাৎ করেন। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী, বুথ লেভেল অফিসার বা বি এল ও-রা যে রাজ্য সরকারী

কর্মী তা তাদের স্মরণ করিয়ে দিয়ে যেভাবে হুমকি দিয়েছেন, সেবিষয়ে প্রতিনিধি দল, কমিশনকে অবহিত করে, এ ব্যাপারে উপযুক্ত ব্যবস্থা গ্রহণের আর্জি জানায়।

বিজেপি নেতা অমিত মালব্য পরে সাংবাদিকদের বলেন, পশ্চিমবঙ্গে ভোটার তালিকায় রোহিঙ্গা, বাংলাদেশী অনুপ্রবেশকারী ও ভুয়ো ভোটারদের নাম যাতে অন্তর্ভুক্ত করা না হয়, তা সুনিশ্চিত করতে প্রতিনিধি দল কমিশনের কাছে আর্জি জানিয়েছে। তবে, ভোটার তালিকা স্বচ্ছ ও ত্রুটিমুক্ত থাকবে - নির্বাচন কমিশন তাদের এই আশ্বাস দিয়েছে বলে শমিক ভট্টাচার্য জানিয়েছেন।

oooooooooooooooooooooo

ইলেক্টোরাল রেজিস্ট্রেশন অফিসার বা ERO বা ভোটার তালিকার কাজে যুক্ত কোনো আধিকারিক অন্যায় করলে তাঁকে শাস্তি দেওয়ার অধিকার নির্বাচন কমিশনের আছে বলে সিপিআইএম এর রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম মন্তব্য করেছেন। কলকাতায় গতকাল এক সাংবাদিক বৈঠকে সেলিম বলেন, ভোটার তালিকা যখন তৈরি করা হয় তখন রাজ্য বা কেন্দ্র সরকারি আধিকারিকরা ডেপুটেশনে নিয়োজিত হন। তাই সেখানে কাজে কোন অন্যায় হলে শাস্তি দেওয়ার অধিকার নির্বাচন কমিশনের আছে।

(বাইট - মহম্মদ সেলিম)

oooooooooooooooooooooo

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী WBCS আধিকারিকদের রাজ্যের স্বার্থে তাদের সাংবিধানিক দায়িত্ব পালনের আর্জি জানিয়েছেন। এক্সহ্যান্ডেলে এক বার্তায় তিনি বলেন, নির্বাচন কমিশন রাজ্যের আধিকারিকদের বিরুদ্ধে এফ আই আর দায়েরের নির্দেশ দিলেও মুখ্যমন্ত্রী তা যেভাবে অস্বীকার করেছেন, তা এক অর্থে সংবিধানিক বিরোধিতার নামান্তর। তাঁর দাবি রাজ্য সরকারী কর্মীদের সুরক্ষায় নয়,

আই প্যাক এবং ভুয়ো ভোটদাতা ও অনুপ্রবেশকারীদের সুরক্ষিত রাখতেই মুখ্যমন্ত্রীর এই বিরোধিতা।

বছরের পর বছর তৃণমূল কংগ্রেস বৈজ্ঞানিক পদ্ধতিতে রিগিং, ভোটার তালিকায় হিন্দুদের নাম বাদ দিয়ে, অনুপ্রবেশকারী ও বাংলাদেশী মুসলমানদের নাম ঢোকানো এবং ভুয়ো ভোটদাতাদের অন্তর্ভুক্ত করেছে বলেও বিরোধী দলনেতা অভিযোগ করেছেন।

oooooooooooooooooooooo

নতুন দিল্লীতে গতরাতে বিরোধী আই এন ডি আই এ জোটের নৈশভোজে যোগ দেন তৃণমূল কংগ্রেসের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক ব্যানার্জী। ছিলেন তৃণমূলের রাজ্যসভার নেতা ডেরেক ও ব্র্যায়ানও।

এই নৈশভোজের আগে তৃণমূলের লোকসভার নবনিযুক্ত নেতা হিসেবে দলের অন্য সাংসদদের সঙ্গে বৈঠক করেন অভিষেক। পরে লোকসভার অধ্যক্ষের সঙ্গেও দেখা করেন অভিষেক ও অন্য সাংসদরা। অভিষেক বলেন, অধ্যক্ষের কাছে ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন কর্মসূচী বা এস আই আর নিয়ে সংসদে আলোচনার দাবি জানিয়েছেন তাঁরা।

ooooooooooooooooooooooo

কলকাতা হাইকোর্ট আগামীকাল শান্তিপূর্ণভাবে নবান্ন অভিযানের অনুমতি দিয়েছে। দুই বিচারপতি সুজয় পাল ও স্মিতা দাস দে-র ডিভিশন বেঞ্চ বলেছেন, শান্তিপূর্ণভাবে মিটিং-মিছিল করা নাগরিকের মৌলিক অধিকার। ভারতীয় সংবিধানে সেই অধিকার দেওয়া রয়েছে। তাই, এই অনুমতি দেওয়া হলো। তবে, আইন-শৃঙ্খলা অমান্য করা হলে, রাজ্য ও পুলিশ যথাযথ ব্যবস্থা নিতে পারবে। কোন রকম সম্পত্তি নষ্ট না করে এবং পুলিশ ও অন্য সরকারী আধিকারিকদের বিরুদ্ধে হিংসাত্মক আচরণ না করেই এই মিছিল করা যেতে পারে বলেও বেঞ্চ জানিয়েছে।

বেঞ্চ আরও জানিয়েছে, পুলিশ ইতিমধ্যেই বিধিনিষেধ আরোপ করে বিজ্ঞপ্তি জারি করেছে। প্রয়োজনে তারা বিক্ষোভ প্রদর্শনকারীদের বিকল্প জায়গার কথাও বলতে পারে। চার সপ্তাহ পর এব্যাপারে আদালতে রিপোর্ট দাখিল করতে বলা হয়েছে।

উল্লেখ্য, হাওড়ার মঙ্গলাহাটের এক ব্যবসায়ী নবান্ন অভিযানের বিরোধিতা করে মামলা দায়ের করেছিলেন।

oooooooooooooooooooooo

R G Kar মেডিক্যাল কলেজ হাসপাতালে গত বছর ৯ আগস্ট চিকিৎসক - পিজিটি তরুণীর ধর্ষণ ও নৃশংস হত্যার ঘটনায় সুবিচার, ও অপরাধীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে আজ বিভিন্ন সংগঠন আবার পথে নামছে। West Bengal Junior Doctors' Front আজ রাত ৯ টায় কলকাতার কলেজ স্কোয়ার থেকে শ্যামবাজার পর্যন্ত মশাল মিছিল করবে।

এছাড়া আজ রাত ১২ টা থেকে আগামীকাল ভোর পর্যন্ত শ্যামবাজার মোড়ে সারারাতব্যাপী প্রতিবাদ কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

অভয়া নেতাজি নগরের পক্ষে আজ সন্ধ্যা ৬ টায় একটি প্রতিবাদী সমাবেশ ও মানব বন্ধনের আয়োজন করা হয়েছে। এই সমাবেশে অভয়া মঞ্চের পক্ষে ডাক্তার পূণ্যব্রত গুণ, ডাক্তার তমনাশ চৌধুরী, মনীষা আদক West Bengal Junior Doctors' Front এর পক্ষে ডাক্তার সিগ্ধা হাজরা, ডাক্তার দেবাশীষ হালদার, ডাক্তার আসফাকুল্লা নাইয়া , আইনজীবি সব্যসাচী চ্যাটার্জি, পরিচালক কমলেশ্বর মুখোপাধ্যায় সহ বহু বিশিষ্ট জনেরা উপস্থিত থাকবেন।

আর জি কর কাণ্ডে সঠিক তদন্তের দাবিতে প্রদেশ কংগ্রেস আজ নিউটাউনে সিবিআই দপ্তর ঘেরাও কর্মসূচীর ডাক দিয়েছে। প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার এর নেতৃত্ব দেবেন।

আগামীকাল অভয়া কান্ডের বর্ষপূর্তিতে অভয়া মঞ্চ ' কালীঘাট চলো ' অভিযানের ডাক দিয়েছে।

এছাড়া, R G Kar মেডিক্যাল কলেজে পড়ুয়া, সাধারণ মানুষ প্রতিবাদ সমাবেশেরও ডাক দিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

মমতা ব্যানার্জি সরকারকে সরানোর পরেই কন্যা সুরক্ষা যাত্রা শেষ হবে বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী জানিয়েছেন। আরজিকর,কসবা ল কলেজ সহ প্রতিটি জেলায় মহিলাদের নির্যাতনের প্রতিবাদে শ্রী অধিকারী গত সন্ধ্যায় গড়িয়া মোড় থেকে রানিকুঠি পর্যন্ত কন্যা সুরক্ষা যাত্রা মিছিলে অংশ নেন। পরে এক পথ সভায় তিনি অভিযোগ করেন,মমতা ব্যানার্জির ১৪ বছরের রাজত্বে এই বাংলায় ছোট শিশু থেকে প্রবীনা কেউ সুরক্ষিত নয়।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

আজ বাইশে শ্রাবণ। রবীন্দ্র প্রয়াণ দিবস উপলক্ষে রাজ্যজুড়ে নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। তারই লেখা গানে কবিতায় শ্রদ্ধা জ্ঞাপন করা হবে কবিগুরুকে।

শান্তিনিকেতনে ভোর পাঁচটায় গৌর প্রাঙ্গণে বৈতালিকের মাধ্যমে অনুষ্ঠানের সূচনা হয়। এরপর উপাসনা গৃহে বিশেষ প্রার্থনায় অংশ নেন আশ্রমিক সহ অন্যরা।

রাজ্য সরকারের পক্ষ থেকে সকালে নিমতলা শ্মশান ঘাটে কবির স্মৃতিতে শ্রদ্ধা জানাবেন,মন্ত্রী শশী পাঁজা। নবান্নে রবীন্দ্র প্রতিকৃতিতে মাল্যদান করবেন মন্ত্রী অরূপ রায়। বেলায় জোড়াসাঁকো ঠাকুরবাড়িতে শ্রদ্ধা জানাতে উপস্থিত থাকবেন শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি এক্স হ্যান্ডেলে কবির প্রতি শ্রদ্ধা জানিয়ে বলেছেন, বাংলা ভাষার জন্য লড়াইয়ে আজও তিনি আমাদের প্রেরণা ।

কবিগুরুর স্মৃতির উদ্দেশে আকাশবাণী সংবাদের শ্রদ্ধার্ঘ।

( ভয়েসকাস্ট – অভিজিৎ )

বাইশে শ্রাবণ উদযাপনের অঙ্গ হিসেবে রাজ্য তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে আজ থেকে এমাসের **১৩** তারিখ পর্যন্ত রবীন্দ্র সদন, শিশির মঞ্চ, বাংলা অ্যাকাডেমি ও নন্দন চত্বরজুড়ে থাকছে রবীন্দ্রনাথের গান, কবিতা নিয়ে অনুষ্ঠান ও গগনেন্দ্র শিল্প প্রদর্শশালায় বিশেষ প্রদর্শনী।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

**১৩৪** তম ডুরাণ্ড কাপ ফুটবলে মহামেডান স্পোর্টিং ক্লাব বড় জয় পেয়েছে। কলকাতার কিশোর ভারতী ক্রীড়াঙ্গনে, গত সন্ধ্যায়, মহামেডান স্পোর্টিং ক্লাব বিএসএফকে ৩-০ গোলে পরাজিত করে। মহামেডানের হয়ে অধিনায়ক সজল বাগ একটি ও মহারাবাম ম্যাক্সিওন দুটি গোল করেছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০০